

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
জেলা পরিষদ অধিশাখা  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং-৪৬.৪২.৬৮০০.০০০.১৪.০১২.১৫ ২৭০

তারিখঃ ২৪/১/২০১৬।

বিষয়ঃ ২০১৫-২০১৬ অর্থ বছরে রাজস্ব তহবিলের আওতায় গৃহীত উন্নয়নমূলক প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত।

- সূত্রঃ ১) নরসিংদী জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপ-নর/উন্নয়ন-৪/২০১৫/০১/০৩, তারিখঃ ৩/১/২০১৬।  
২) নরসিংদী জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপ-নর/উন্নয়ন-৪/২০১৫/০১/০৪, তারিখঃ ৩/১/২০১৬।  
৩) নরসিংদী জেলা পরিষদ কার্যালয়ের স্মারক নং-জেপ-নর/উন্নয়ন-৪/২০১৫/০১/০৬, তারিখঃ ৩/১/২০১৬।

উপর্যুক্ত বিষয় ও সূত্রগুলোর প্রেক্ষিতে ২০১৫-২০১৬ অর্থ বছরের রাজস্ব তহবিলের আওতায় গৃহীত প্রকল্পসমূহের নিম্নে বর্ণিত তথ্যাদি প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো :

ক্রঃ নং	প্রকল্পের নাম	পরিমাণ (লক্ষ টাকায়)
১.	নরসিংদী সদর উপজেলায় আবাসিক এলাকায় শিশুদের জন্য বিনোদন পার্ক নির্মাণ।	৬.০০
২.	জেলার শিক্ষিত বেকার যুবক ও যুবমহিলা/ছাত্র/ছাত্রীদের বেসিক কম্পিউটার, ইন্টারনেট ব্রাউজিং প্রশিক্ষণ ব্যয়	৫.০০
৩.	মনোহরদী পৌরসভার অডিটরিয়ামের প্রধান সড়ক হতে উপজেলা মেইন গেইট অভিমুখে আরসিসি ড্রেন নির্মাণ।	৮.০০
৪.	নরসিংদী জেলার ২৫ জন শারীরিক প্রতিবন্ধীদের মাঝে বিতরণের জন্য ২৫টি হুইল চেয়ার ক্রয়।	২.০০
৫.	বেলাব উপজেলার নারায়নপুর সরাফত উল্লাহ উচ্চ বিদ্যালয়ের শ্রেণী কক্ষ নির্মাণ।	৫.০০
৬.	শিবপুর উপজেলার সবুজ পাহাড় ডিগ্রী কলেজের ড্রেন ও শ্রেণী কক্ষ নির্মাণ।	৫.০০
৭.	মনোহরদী উপজেলার বীর আহম্মদপুর শ্রী শ্রী দুর্গা মন্দির নির্মাণ।	৫.০০
৮.	নরসিংদী জেলার ৬টি উপজেলায় দরিদ্র ছিন্নমূল শীতাত্তরদের মাঝে বিতরণের জন্য ১০০০পিস কম্বল ক্রয়।	৫.০০

তথ্যাদিসমূহঃ

- ক্রমিক নং-১ এ উল্লিখিত বিনোদন পার্কটি জেলা পরিষদের নিজস্ব জমিতে বাস্তবায়ন করা হবে কিনা; অন্য সংস্থার জমিতে স্থাপন করা হলে সেক্ষেত্রে প্রয়োজনীয় জমি জেলা পরিষদের নামে হস্তান্তর করা হয়েছে কিনা; হলে জমির মালিকানা এবং প্রাক্কলনসহ প্রস্তাব প্রেরণ;
- কম্পিউটার প্রশিক্ষণ প্রকল্পের প্রশিক্ষার্থীদের সংখ্যা, প্রশিক্ষণ প্রকল্পের মেয়াদ ও ব্যাচ সংখ্যা উল্লেখসহ সাশ্রয়ী ব্যয় বিবরণী/প্রাক্কলন প্রেরণ;
- ক্রমিক নং-৪ ও ৮ এ উল্লিখিত প্রকল্পের সুবিধাভোগীদের কি প্রক্রিয়ার কিসের ভিত্তিতে নির্বাচন করা হয়েছে; তাদের নামের তালিকা (জাতীয় পরিচয় পত্রের নম্বর উল্লেখসহ) প্রেরণ;
- ক্রমিক নং-৩ ও ৫-৮ এ উল্লিখিত প্রকল্পের প্রাক্কলন প্রস্তুত করে নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, নরসিংদী কর্তৃক পরীক্ষা করে প্রত্যায়নসহ প্রেরণ।

  
(জুবাইদা নাসরীন)  
উপ-সচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-[lgzp@lgd.gov.bd](mailto:lgzp@lgd.gov.bd)

প্রধান নির্বাহী কর্মকর্তা  
জেলা পরিষদ, নরসিংদী।

অনুলিপি-(জ্ঞাতার্থে/কার্যার্থে)ঃ

- ১। প্রশাসক, জেলা পরিষদ, নরসিংদী।
- ২। কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।